ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪০০
খোয়াই,২৮ এপ্রিল,২০২৫

**খোয়াই জেলায় ১৭১ হেক্টর জমিতে রেড অয়েল পাম চাষ**

খোয়াই জেলার বিভিন্ন কৃষি মহকুমার মোট ১৭১.৬৯ হেক্টর জমি গত অর্থবর্ষে রেড অয়েল পাম চাষের আওতায় আনা হয়েছে। উদ্যানপালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের মাধ্যমে ন্যাশনাল মিশন অব এডিবল অয়েল পাম প্রকল্পে এই কর্মসূচি রূপায়ণ করা হয়। এক্ষেত্রে ১৭২ জন সুবিধাভোগীকে হেক্টর প্রতি রেড অয়েল পাম চাষের জন্য ৬৪ হাজার টাকা করে প্রদান করা হয়েছে। চলতি অর্থবর্ষে জেলায় আরও ৩৫০ হেক্টর জমিতে এই রেড অয়েল পাম চাষ করার উদ্যোগ নেওয়া হবে বলে জানান সংশ্লিষ্ট দপ্তরের উপঅধিকর্তা সাবেন্দ্র দেববর্মা।

*****